...র উপজেলা পরিষদের নভেম্বর/২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

...তি : মাহেরা নাজনীন,প্রশাসক,উপজেলা পরিষদ
পাইকগাছা,খুলনা।
তারিখ : ২৬/১১/২০২৪ মঙ্গলবার।
সময় : সকাল ১১.০০ টা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "ক"
সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভার পরিচালনা করেন।

উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় উহা সর্বসম্মতি ক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| ক্রঃ | বিভাগের নাম | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১। | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান,পাইকগাছা উপজেলা খুলনা কর্তৃক কয়রা, পাইকগাছা ও কয়রা প্রকল্প হতে রিভার্স অসমোসিস প্লান্ট ৫টি কমিউনিটি টয়লেট ১০টির কাজ চলমান আছে। ইউনিসেফ প্রকল্প হতে অগভীর নলকূপ ০৫টি, রেইন ওয়াটার হারভেস্টিং ২০টি, রিভার্স অসমোসিস প্লান্ট ০৫টির কাজ চলমান আছে। সমগ্র দেশের নিরাপদ পানি সরবরাহ প্রকল্প থেকে ৫ম পর্যায়ে রেইন ওয়াটার হারভেস্টিং ২৬০টির কাজ চলমান আছে। উপকূলীয় নিরাপদ পানি সরবরাহ প্রকল্প থেকে ১৩০০টি রেইন ওয়াটার কাজ চলমান আছে। এ ছাড়া তার দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | সঠিক সময়ে কাজ সম্পন্ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) |
| ২। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে,২০২৪-২৫ অর্থবছরে একটি এইচ বিবি রাস্তার বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে টেন্ডার কার্যক্রম চলমান আছে। | বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে যথা সময়ে কাজ বাস্তবায়ন করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা।<br>২। সকল ইউপি চেয়ারম্যান।<br>৩। প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট ট্যাগ অফিসারগণ। |
| ৩। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান নভেম্বর/২৪ মাসে বহিঃ বিভাগে রোগীর সংখ্যা পাইকগাছা হাসপাতালে ৩২৭৯ জন, আন্তঃবিভাগে রোগীর সংখ্যা ৭৭১ জন। জরুরী বিভাগে রোগীর সংখ্যা ১৩৬৪ জন। বেডঅকুপেন্সী রেট, ১৩৮.৫৮%। এএনসি প্রসব পূর্ববর্তী সেবার সংখ্যা ২০২ জন। পিএনসি সেবার সংখ্যা ৭৫ জন। নরমাল ডেলিভারীর সংখ্যা ১৮ জন, হাসপাতালে সিজারিয়ান অপারেশনের সংখ্যা ২২ জন। ওআরটি কর্নারের রোগীর সংখ্যা ২৩৩ জন, শিশু জন্মের সংখ্যা ৩৩৪ জন। যক্ষা রোগীর সংখ্যা ৩৮ জন। এ ছাড়া ও তিনি জানান তাঁর দপ্তরের সার্বিক কার্যক্রম সুষ্ঠ | কমিউনিটি ক্লিনিক গুলো নিয়মিত মনিটরিং করতে হবে। সঠিক সময় সঠিক সেবা নিশ্চিত করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পাইকগাছা, খুলনা। |
| ৪। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে নভেম্বর/২৪ মাসে সক্ষম দম্পতির সংখ্যা ৫৯,৬০৯ জন। জন্ম নিয়ন্ত্রন পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৪৭৪০৫। সি.এ.আর ৭৯.৫৩%। পরিবার পরিকল্পনা কার্যক্রমে স্থায়ী পদ্ধতি গ্রহণ করেছে ০১জন (পুরুষ-০, মহিলা-১)। আই,ইউ,ডি ০৯ জন। ইনজেকশান দেওয়া হয়েছে ৮১৮ ভায়াল। খাবার বড়ি ২২০৩ চক্র এবং কনডম ১১,০৭৬ পিচ বিতরণ করা হয়েছে। ইমপ্লান্ট ৭৪ জন। মা ও শিশুর স্বাস্থ্য সেবায় গর্ভবতী সংখ্যা- ১২৩০ এ,এন,সি-৩২০ জন, পিএনসি-৪৯ জন, ডেলিভারি-০ জন, সিএসবিএ কর্তৃক- ৮১। জীবিত জন্ম ২০৫জন, শিশুস্বাস্থ্য সেবা কেন্দ্রে ৩২০ জন,কেন্দ্রের বাইরে ১২২ জন,সাধারণ রোগী ২৪২৬ জনকে সেবা দেয়া হয়েছে। এছাড়া দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | সঠিক সেবা প্রদান করতে হবে। মেডিকেল অফিসারগণ যেন মানুষকে যথাযথ সেবা প্রদান করেত পারেন তার ব্যবস্থা করতে হবে। | উপজেলা.পরিবার পরিকল্পনা কর্মকর্তা,পাইকগাছা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা কৃষি অফিস। | উপজেলা কৃষি অফিসার জানান, বীজ সার প্রণদনা প্রেরণ করছেন। প্রেরিত সার বীজ সুষ্ঠভাবে বিতরন করা হয়েছে। এ ছাড়া তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কৃষকদের নতুন প্রযুক্তির প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ ও সার্বিক সহযোগিতা করতে হবে। | ১। উপজেলা কৃ কর্মকর্তা, পাইকগাছা। |
| ৬। | উপজেলা প্রাণি সম্পদ অফিস। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান,নভেম্বর/২৪ মাসে গবাদি প্রাণি ০০ মাত্রা, হাঁস-মুরগী ৬২৬০০ মাত্রা টিকা দান সম্পন্ন করা হয়েছে। গবাদি প্রাণি ১৮০৬ টি ও হাঁস মুরগী ১০,৪১৭ টিকে চিকিৎসা দেয়া হয়েছে। কৃত্রিম প্রজনন সংখ্যা ৫৯০ টি ও কৃত্রিম প্রজননে বাচ্চা জন্মের সংখ্যা ৩০০টি। টিকা বীজ বিক্রয় বাবদ ১৬৬২০/-টাকা এবং কৃত্রিম প্রজনন ফি বাবদ ৪৪,২৫০/- টাকা রাজস্ব আয় হয়েছে। মুরগীর খামার পরিদর্শন করা হয়েছে ০৯ টি,গাভীর খামার পরিদর্শন করা হয়েছে ১৭ টি। এ ছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিত কার্যক্রমের পাশাপাশি জনগণের দোরগোড়ায় সেবা পৌছানোর ব্যবস্থা করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার পাইকগাছা। |
| ৭। | উপজেলা মৎস্য অফিস। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান,সামুদ্রিক মৎস্য বিধিমালা ২০২৩ মোতাবেক সুমদ্রে মৎস আহোরণের নিমিত্তে, মৎস্য অর্টিসানাল মৎস্য নৌযানের মৎস্য আহোরণের অনুমতিপত্র বাধ্যতামূলক করা হয়েছে। এ ক্ষেত্রে নৌযান মালিকদের অনুকূলে অনুকূলে মৎস্য আহোরণের অনুমতিপত্র ইস্যু করা হবে এবং নৌযানের মালিকানা নির্ধারনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ অথবা পৌরসভা প্রত্যয়ন করিবেন। নিরাপদ মৎস্য ও মৎস্যপন্য পরিদর্শন ও মান নিয়নন্ত্রন আইনে চিংড়ীমাছে অপদ্রব্যপুশ অভিযান পরিচালিত হচ্ছে। অবৈধজাল নির্মুলের অভিযান পরিচালিত হচ্ছে। এ ছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক) নিষিদ্ধ সময়ে মৎস্য আহরণ বন্দে ওসি পাইকগাছা থানা এবং সকল ইউপি চেয়ারম্যান ব্যবস্থা নিবেন। | সিনিয়র,উপজেলা.মৎস্য কর্মকর্তা পাইকগাছা,ওসি পাইকগাছা,ইউপি চেয়ারম্যান সকল। |
| ৮ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস। | উপজেলা শিক্ষা অফিসার জানান যে নভেম্বর/২৪ মাসে তিনি ৭টি এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসারবৃন্দ ৫৫ টি বিদ্যালয় পরিদর্শন করেছেন। এ ছাড়া বিভিন্ন বিদ্যালয়ের উন্নয়নমূলক কাজ পরিদর্শন করা হয়। প্রাথমিক শিক্ষার জন্য সকল সুবিধাভোগী শিক্ষার্থী অভিভাবকের উপবৃত্তিপ্রাপ্তি নিশ্চিতকল্পে শতভাগ শিক্ষার্থীর জন্মনিবন্ধন নিশ্চিত করা প্রয়োজন। এ বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার উপজেলা নির্বাহী অফিসার,পাইকগাছা,খুলনা মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। | মান সম্মত শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য বলা হল। | উপজেলা শিক্ষা অফিসার,পাইকগাছা। |
| ৯। | উপজেলা যুব উন্নয়ন অফিস। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ঋণ আদায়ের ব্যপারে সকলের সহযোগিতা কামনা করেন। | ঋণ আদায়ে সকল ইউপি,চেয়ারম্যানগণ সহযোগিতা করবেন। | ১। উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা।<br>২। ইউপি চেয়ারম্যান(সকল) |
| ১০ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে ২টি সমিতির নিবন্ধনের প্রক্রিয়া চলমান আছে। এছাড়া তার অফিসের সার্বিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে জানান। | মুজিববর্ষ প্রকল্পের প্রতিটা স্থানে দ্রুত সমবায় সমিতি গঠনের ব্যবস্থা নিতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, পাইকগাছা, খুলনা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | .জলা সমাজ সেবা অফিস। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, নভেম্বর/২৪ মাসে ডাটা এন্ট্রির কাজ বয়স্ক ৫০৯৯,বিধবা ২২৬২,প্রতিবন্ধী ২১৬ জনের তথ্য এমআইএস এ প্রদান করতে সক্ষম হয়েছি। আরএসএস এর ঋণ আদায়ের হার ৯১%। পল্লী মাতৃকেন্দ্রের ঋণ আদায়ের হার ৯৭%। প্রতিবন্ধীদের পুনর্বাসন ঋণ আদায়ের হার ৭৪%, আশ্রয়ন ৬০% চলতি অর্থবছরে ৬৫০৮ জনকে বয়স্ক ভাতা, ১২১৬ জনকে প্রতিবন্ধী ভাতা,৩০৩০ জনকে বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা, ১৭৯ জন প্রতিবন্ধী শিক্ষার্থীকে শিক্ষা উপবৃত্তি এবং দলিত হরিজনদের শিক্ষা বৃত্তি প্রদান করা হয়েছে ২০ জনকে। এছাড়া তাঁর দাপ্তরিক কাজ | সঠিক সময় সঠিক সেবা প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা,পাইকগাছা। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক অফিস। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ চক্রের ২৫৮০ জন(ভি ডব্লিউ বি)উপকার ভোগীদের মধ্যে প্রতি মাসে ৩০ কেজি হারে চাউল বিতরণ কার্যক্রম চলমান আছে। চলতি মাসে মাও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ৭৩ জন ভাতা ভোগীকে চূড়ান্ত অনুমোদন করা হয়েছে। চলতি মাসে বাল্যবিবাহ প্রতিরোধ,নারী ও শিশু নির্যাতন,পাঁচার প্রতিরোধে ২টি সচেতনমূলোক উঠান বৈঠাক করা হয়েছে। ১০টি ইউনিয়ন ও ১টি পৌরসভায় মোট ১১টি ক্লাবে ভর্তি হওয়া ৩৩০ জন কিশোর কিশোরীকে সংগীত,আবৃত্তি,ক্যারাতে এবং বিভিন্ন সমাজিক সচেতনমূলক প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ও তিনি জানান তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | নীতিমালার আলোকে কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পাইকগাছা। |
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, পাইকগাছা উপজেলায় বিআরডিবিভুক্ত সমিতি/দলের সংখ্যা ৩৩৮টি। সদস্য সংখ্যা ২২২৯৩ জন। বিআরডিবি'মূল কর্মসূচীর বর্তমান বর্ষে ঋণ বিতরণ হয়েছে ৩৭.১০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত · ঋণ বিতরণ ৫৭১৯.৬৫ লক্ষ টাকা। ২০১৮ -১৯ অর্থ বছরে ঋণ আদায় ৯৫.০০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ আদায় ৫১৬৬.৯০ লক্ষ টাকা। মেয়াদ উত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ ১২০.৬০ লক্ষ টাকা। আদায়ের হার ৯৭% টাকা। তিনি বলেন উপজেলা পরিষদের মধ্যে অবস্থিত বি আর ডিবির(জোড়া বাড়ী) দুইটি ভবন আছে। অত্যন্ত জরাজীর্ণ এবং ঝুঁকিপূর্ণ হওয়ায় যে কোন সময় ভেঙ্গে পড়ে বড় ধরনের দূর্ঘটনা ঘটতে পারে। এ জন্য তিনি ভবন দুটি পরিত্যাক্ত ঘোষনা করা একান্ত প্রয়োজন বলে জানান। এছাড়া ও তিনি জানান তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১। ঋন বিতরণের ধারাবাহিকতা বজায় রাখতে হবে।<br>২। উপজেলা প্রকৌশলী প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | ১। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, পাইকগাছা।<br>২। উপজেলা প্রকৌশলী পাইকগাছা,খুলনা। |
| ১৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন, গত ০৩/১২/২৪ ইং তারিখে সকল শিক্ষা প্রতিষ্টানে কমিটি বাতিল করে নতুন করে এডহাক কমিটি গঠন করা হবে। এ ছাড়া তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে জানান। | ১।শিক্ষা প্রতিষ্ঠান সমূহ যথা সময়ে পরিদর্শন করে শিক্ষার গুনগত মান নিশ্চিত করতে হবে। ২। প্রতিটা বিদ্যালয়ে লাইব্রেরী চালু রয়েছে কিনা সেটি নিশ্চিত করেত হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |
| ১৫ | উপজেলা বন বিভাগ। | উপজেলা বন কর্মকর্তা বলেন, পাইকগাছা সামাজিক বনায়নের আওতায় ২০২৪-২৫ অর্থবছরে অত্র উপজেলা পরিষদে চারা উত্তোলনে কোন নার্সারি না থাকায় বাগান সৃজনে চারা উত্তোলনের একটি জায়গা প্রয়োজন বলে জানান। ২০১৪-১৫ অর্থ বছরে লতা ইউনিয়নের হাড়িয়া পুরাতন খেয়াঘাট হতে দক্ষিণ হাড়িয়া পাকা ঘাট পর্যন্ত ২৫ হেক্টর সৃজিত ম্যানগ্রোভ বাগানের চারিদিকে বাঁধ দেওয়ার কারনে গাছের পাতা হলুদ বর্ণের দেখা দিয়েছে। বাঁধ অপসারণ না করলে গাছ গুলো মারা যেতে পারে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যসস্থা নেওয়ার কথা বলেন। | গাছ লাগানোর উপর গুরত্ব দিতে হবে। | বণ কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | পল্লী সঞ্চয় ব্যাংক, পাইকগাছা শাখা খুলনা। | উপজেলা শাখা ব্যাবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান, পল্লী সঞ্চয় ব্যাংক ক্ষুদ্রা ও দারিদ্র বিমোচনের জন্য অগ্রণী ভূমিকা পালন করে আসছে। বর্তমানে পাইকগাছা উপজেলায় পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালিত হচ্ছে। পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম এখন অনলাইন ভিত্তিক মোট সমিতির সংখ্যা ২৯৫টি। পল্লী সঞ্চয় ব্যাংকের মোট সদস্য সংখ্যা ১১,৪২৭ জন,পুরুষ ৪১২৫ জন, সঞ্চয় জমা আছে ১৩কোটি টাকা। মোট ঋণ বিতরন করা হয়েছে ৭০ কোটি টাকা। আদায়ের হার ৮০% আদায় কার্যক্রম ১০০%করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | ঋণ আদায়ের হার বাড়ানোর জন্য বলা হল। | শাখা ব্যাবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ১৭ | উপজেলা প্রকৌশল অফিস,পাইকগাছা, খুলনা। | উপজেলা প্রকৌশল সভায় জানান যে ২০২৪-২৫ অর্থবছরে এডিপির ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। এজন্য সকল ইউনিয়ন পরিষদ থেকে প্রকল্পের তালিকা দেওয়ার জন্য আহবান করেন। | নির্দিষ্ট সময়ে প্রকল্পের কাজ বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী, পাইকগাছা, খুলনা। |

০১) যৌতুক,বাল্য বিবাহ,জন্ম ও মৃত্যুসংক্রান্ত আলোচনা ঃ উপজেলা নির্বাহী অফিসার বলেন, যৌতুক,বাল্য বিবাহ ও মাদক প্রতিরোধে স্থানীয় জনসাধারণকে উদ্বুদ্ধকরণের জন্য ইউনিয়ন পর্যায়ে জনসমাবেশের আয়োজন করা যেতে পারে। তিনি সকল জন্ম নিবন্ধন অনলাইনে করা এবং একই সাথে যথাযথ ভাবে মৃত্যু নিবন্ধন শত ভাগ নিশ্চিত করার জন্য পাইকগাছা পৌরসভার সংশ্লিষ্ট কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের প্রতি আহবান জানান।

সিদ্ধান্ত ঃ মাদক দ্রব্য, যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধে ইউনিয়ন পর্যায়ে জারী গান ও জনসমাবেশের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির চেষ্টা করা হবে এবং অনলাইনে শতভাগ জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করা হবে। বাস্তবায়নেঃ পাইকগাছা পৌরসভার সংশ্লিষ্ট কর্মকর্তা ও চেয়ারম্যান,সকল ইউনিয়ন পরিষদ।

২) অক্টোবর/২০২৪ মাসের রাজস্ব আয়ঃ

| প্রাপ্তির বিবরণ | টাকার পরিমান |
|---|---|
| ০১। ১% ভূমি হস্তান্তর কর বাবদ আদায়। | ১০,১০,৮১৮.২০/-টাকা। |
| ২। বাড়ী ভাড়া। | ১২০০/-টাকা। |
| ৩। দোকান ভাড়া | ৫০০/-টাকা। |
| ৪। বাসষ্ট্যাণ্ড ভাড়া | ১৫,০০০/-টাকা। |
| | মোট আয় ঃ ১০,২৭,৫১৮.২০টাকা . |

৩) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অক্টোবর/২০২৪ মাসের ব্যয়ঃ

| | |
|---|---|
| ০১। উপজেলা পরিষদে এক জন মালী,এক জন পরিচ্ছন্ন কর্মী ও এক জন নিরাপত্তা কর্মীর দৈনিক মজুরী বাবদ ব্যয়। | ২৯,৩৩৩/-টাকা। |
| ০২। পত্রিকার বিজ্ঞাপন বিল বাবদ ব্যয়। | ৩৩,৯৩৬/-টাকা |
| ০৩। আপ্যায়ন ও আনুষংগিক বাবদ ব্যয়। | ৩১,৩২৫/-টাকা |

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উক্ত ব্যয়ের অনুমোদন দেয়া হয়। এ ছাড়া উপজেলা পরিষদের বিভিন্ন ধরনের ভাড়াদি যথাসময়ে আদায় নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ আলোচনা ঃ

| ক্রমনং | বিভাগ/সংশ্লিষ্ট অফিস প্রধানের নাম | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১। | প্যানেল চেয়ারম্যান কপিলমুনি ইউনিয়ন পরিষদ। | প্যানেল চেয়ারম্যান কপিলমুনি ইউপি বলেন,কপিলমুনি বাজার একটি ঐতিহ্যবাহী বাজার প্রতিদিন হাজার হাজার ক্রেতা বিক্রেতার সমাগম হয়। কপিলমুনি বাজারে বর্ষা মৌসুমে জলাবদ্ধতার সৃষ্টি হয়। জনসাধারণ চলাফেরা করতে পারে না। পরিকল্পিত ড্রেনেজ ব্যবস্থা করার প্রস্তাব করেন। | ১। উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে উপজেলা প্রকৌশল এবং সংশ্লিষ্ট কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। |
| ০২। | চেয়ারম্যান রাড়ুলী ইউনিয়ন পরিষদ। | চেয়ারম্যান রাড়ুলী ইউপি বলেন, রাড়ুলী ইউনিয়নের বাঁকা বাজার একটি ঐতিহ্যবাহী বাজার আশাশুনি ও পাইকগাছা উপজেলার সিমান্তবর্তী এলাকায় অবস্থিত হওয়ায় প্রতিদিন হাজার হাজার লোকের সমাগমে বাজার মুখরিত থাকে। বাজারের মধ্যে জায়গা সল্পতার কারনে নিত্য প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী ক্রয় বিক্রয়ে নানামুখী সমস্যার সৃষ্টি হয়। এ কারণে বাজারের পর্শ্ববর্তী সরকারী জমিতে বাজার সম্প্রসারণের প্রস্তাব করেন। | ১। উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে সংশ্লিষ্ট কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। |

আলোচনা ঃ ০৩। উপজেলা নির্বাহী অফিসার বলেন,উপজেলা পরিষদের অভ্যন্তরে প্রতিনিয়ত অনাকাঙ্খিত ঘটনা ঘটছে। নিরাপত্তার জন্য প্রায় ৫বছর পূর্বে উপজেলা পরিষদের অভ্যন্তরে সিসি ক্যামেরা স্থাপন করা হয়। সিসি ক্যামেরা গুলো নষ্ট হয়ে যাওয়ায় মেরামত অযোগ্য ক্যামেরা গুলো জরুরী ভিত্তিতে স্থাপন করা প্রয়োজন। উপজেলা পরিষদের ব্যবহার নির্দেশিকার আলোকে সিসি ক্যামেরা স্থাপন করার প্রস্তাব করেন।

CamScanner

...পজেলা পরিষদের সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে নীতিমালার আলোকে ৩,০০০০০/-(তিন লক্ষ)টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে উপজেলা পরিষদের ...সিসি ক্যামেরা স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা ঃ ০৩। উপজেলা প্রকৌশলী বলেন, ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে স্থাবর সম্পত্তির হস্তান্তর করের ১%-এর অর্থ জমা হয়েছে। সাব-রেজিষ্ট্রী অফিস, পাইকগাছা উপজেলার আওতাভুক্ত সোনালী ব্যাংক,পাইকগাছা শাখার চলতি হিসাব নং-২৭১৮০০১০১১২৯ এ অর্থ জমা হয়। জমাকৃত অর্থ উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসার এর যৌথ স্বাক্ষরে ক্রস চেক প্রত্যেক ইউনিয়ন পরিষদে হিংসা অনুযায়ী নীতিমালার আলোকে বন্টন করা হয়ে থাকে। নীতিমালার আলোকে ২০২৩-২৪ অর্থবছরে পাইকগাছা উপজেলাধীন ১০(দশ) টি ইউনিয়ন পরিষদের অনুকূলে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা প্রয়োজন। বাস্তব সম্মত ও সময় উপযোগী হওয়ায় উল্লেখিত প্রকল্পগুলো নিম্নে প্রদত্ত হলোঃ

| ক্র: নং | প্রকল্পের নাম | খাতের নাম | বরাদ্দকৃত টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|
| | ০১নং হরিঢালী | | | |
| ১ | উলুডাঙ্গা রহিমপুর সরকারী প্রা: বিদ্যালয় সংলগ্ন পাকা রাস্তা পাইলিংসহ সংস্কার | শিক্ষার উন্নয়ন | ৬২,০০০/- | |
| ২ | সোনাতনকাটি বাবলু গাজীর বাড়ী হতে ফজর আলী গাজীর বাড়ী অভিমুখে পাঁকা রাস্তা নির্মান। | পরিবহন ও যোগাযোগ | ৬২,০০০/- | |
| ৩ | হরিঢালী জামাল সানার বাড়ী হতে হযরত সানার বাড়ী অভিমুখে পাঁকা রাস্তা নির্মান। | পরিবহন ও যোগাযোগ | ৬২,০০০/- | |
| ৪ | হরিদাসকাটি পরামানিক পাড়া পূজা মন্দির হতে শক্তিপদ শীলের বাড়ি অভিমুখে পাঁকা রাস্তা নির্মান। | পরিবহন ও যোগাযোগ | ৬২,০০০/- | |
| ৫ | (ক) নোয়াকাটি সমজেলের বাড়ী হতে কোমর উদ্দিনের বাড়ী অভিমুখে পাঁকা রাস্তা নির্মান (খ) নোয়াকাটি রেজওয়ানের দোকান হতে মোক্তার সরদারে বাড়ী অভিমুখে পাঁকা রাস্তা নির্মান। | পরিবহন ও যোগাযোগ | ১,০০,০০০/- | |
| ৬ | নগরশ্রীরামপুর আকিল উদ্দিনের বাড়ী হতে জাহাঙ্গীর হাজরার বাড়ী অভিমুখে পাঁকা রাস্তা সংস্কার | পরিবহন ও যোগাযোগ | ৬২,০০০/- | |
| ৭ | মামুদকাটি অপূর্ব দেবনাথের বাড়ী হতে অসীম দেবনাথের বাড়ী অভিমুখে পাঁকা রাস্তা নির্মান। | পরিবহন ও যোগাযোগ | ৬২,০০০/- | |
| ৮ | উত্তর সলুয়া সামাদের বাড়ী হতে ওহাবের বাড়ী অভিমুখে পাঁকা রাস্তা নির্মান। | পরিবহন ও যোগাযোগ | ৬২,০০০/- | |
| ৯ | বাদামতলা বায়তুল মামুর জামে মসজিদ টাইলস দ্বারা উন্নয়ন। | ধর্মীপ্রতিষ্ঠান উন্নয়ন | ৬৪,০০০/- | |
| ১০ | হরিঢালী ইউনিয়ন পরিষদে চেয়ারম্যান ও সদস্যদের বসার জন্য চেয়ার, সকল বাথরুম সংস্কার, চেয়ারম্যানের বাথরুমে কমড, পানির পাইপ সংস্কার, পাম্প মেশিন ক্রয় ও বিল্ডিং সংস্করণ। | ইউনিয়ন পরিষদ উন্নয়ণ | ২,০০,৫৪০/- | |
| | ০২ নং কপিলমুনি | | | |
| ১১ | তালতলা আব্দুল মান্নানের বাড়ি হতে গেটের খাল অভিমুখে রাস্তায় ইটের সোলিংনির্মান। | যোগাযোগ | ৫৫,০০০/- | |
| ১২ | কাশিমনগর পিচের রাস্তা সংলগ্ন দুধ মিল হতে শেখ রফিকুলের বাড়ী অভিমুখে ইটের রাস্তা সংস্কার। | যোগাযোগ | ৫৫,০০০/- | |
| ১৩ | নাছিরপুর মোকাম গাজীর বাড়ী হতে কলেজ মোড় অভিমুকে রাস্তার আরসিসি ঢালাই। | যোগাযোগ | ৫৫,০০০/- | |
| ১৪ | নাছিরপুর সন্তোষ সরকারের বাড়ী হতে গৌর রায়ের বাড়ি অভিমুখে রাস্তার পাশে পাকা ড্রেন নির্মাণ। | কৃষি ও সেচ | ৫৫,০০০/- | |
| ১৫ | প্রতাপকাটী ইয়াকুব সরদারের দোকান হতে এখলাসের বাড়ী অভিমুখে ইটের রাস্তা সংস্কার। | যোগাযোগ | ৫৫,০০০/- | |
| ১৬ | প্রতাপকাটী জাকির গাজীর বাড়ি হতে রোজিনা খাতুনের বাড়ি এবং কামাল গাজীর বাড়ি হতে আব্দুল বারী গাজীর বাড়ি অভিমুখে রাস্তায় ইটের সোলিং নির্মান। | যোগাযোগ | ৫৫,০০০/- | |
| ১৭ | কাজিমুছা নজরুল মাস্টারের বাড়ী হতে সামছুর শেখের বাড়ী অভিমুখে রাস্তায় ইটের সোলিং নির্মাণ | যোগাযোগ | ৫৫,০০০/- | |
| ১৮ | সিলেমানপুর সবুজ সরদারের ফার্ম হতে বাবুল মোড়লের বাড়ি অভিমুখে রাস্তায় ইটের সোলিং নির্মান। | যোগাযোগ | ৫৫,০০০/- | |
| ১৯ | বিরাশী জাহানালী সরদারের বাড়ি হতে অখিল ঘোষের বাড়ী অভিমুখে রাস্তায় ইটের সোলিং নির্মাণ | যোগাযোগ | ১,১০,০০০/- | |
| ২০ | কপিলমুনি ইউনিয়নের বিভিন্ন রাস্তায় পানি সরবারহের পাইপ স্থাপন। | কৃষি ও সেচ | ১,১০,০০০/- | |
| ২১ | কপিলমুনি ইউনিয়নের দরিদ্র মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ। | সমাজ কল্যাণ | ৩,০০,০০০/- | |
| ২২ | কপিলমুনি ইউনিয়নের বিভিন্ন প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী বিতরণ। | ক্রীড়া | ১,২৪,৪৬৯/- | |
| | ০৩নং লতা | | | |
| ২৩ | লতা বাজারের বিভিন্ন গলিরাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | বাজার উন্নয়ন | ১,১০,০০০/- | |
| ২৪ | কাঠামারী বাজারের বিভিন্ন গলিরাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | বাজার উন্নয়ন | ১,১০,০০০/- | |
| ২৫ | শানুকপোতা বাজারের বিভিন্ন গলিরাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | উন্নয়ন | ১,০৯,৭১৯/- | |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | **০৪ নং দেলুটি** | | |
| ২৬ | খাতুন মল্লিক ভি এইচ কে মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্রাবাস উন্নয়ন। | শিক্ষা উন্নয়ন | ১,০০,০০০/- |
| ২৭ | আলোকদ্বীপ বাজার সংলগ্ন জামতলা খালের উপর ইউড্রেন নির্মান। | বাজার উন্নয়ন | ১,০০,০০০/- |
| ২৮ | দেলুটি ইউনিয়নে সিসি ক্যামেরা স্থাপন ও অনার বোর্ড নির্মান। | ইউনিয়ন উন্নয়ন | ১,৩৪,০৭৭/- |
| ২৯ | দেলুটি সরকারি পুকুরের পার্শ্ব হতে পূর্ব পাড়া খেয়াঘাট অভিমুখে ক্ষতিগ্রস্থ ইটের সোলিং রাস্তা উন্নয়ন। | যোগাযোগ | ১,০০,০০০/- |
| ৩০ | ফুলবাড়ী বাজার বটতলা হতে বিশ্বজিৎ গোলদারের বাড়ী অভিমুখে ক্ষতিগ্রস্থ ইটের সোলিং রাস্তা উন্নয়ন। | যোগাযোগ | ১,০০,০০০/- |
| | **০৫নং সোলাদানা** | | |
| ৩১ | ইউনিয়ন পরিষদের টয়লেট, পাইপ লাইন ও পানির লাইন সংস্কার | ইউপি পরিষদ উন্নয়ন | ২,৩২,৩৭২.০১/- |
| ৩২ | ০১নং ওয়ার্ডের বাবু মালির বাড়ি হতে খলিল মালির বাড়ি অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মান। | যোগাযোগ | ৬০,০০০/- |
| ৩৩ | ০৪নং ওয়ার্ডের বেতবুনিয়া মাদ্রাসা হতে রব্বানীর দোকান অভিমুকে ইটের রাস্তা সংস্কার | যোগাযোগ | ১,৩০,০০০/- |
| ৩৪ | ০৯নং ওয়ার্ডের টেংরামারী জিসিএ পিচের রাস্তার মাথা হতে উত্তর দিকে অশেষ ঢালীর বাড়ি অভিমুখে ইটের সোলিং রাস্তা নির্মান। | যোগাযোগ | ২,৩০,০০০/- |
| ৩৫ | ১০টি জন্ম ও মৃত্যু নিবন্ধন অনলাইন রেজিস্টার বহি ডাউনলোড প্রিন্ট ও বাধায় করণ। | ইউপি পরিষদ ইউনিয়ন | ৫০,০০০/- |
| | **০৬নং লস্কর** | | |
| ৩৬ | লস্কর ইউপির লক্ষীখোলা রহমানের বাড়ি হতে আকরাম মোল্যার মৎস্যঘের অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | যোগাযোগ | ১,০০,০০০/- |
| ৩৭ | লস্কর ইউপির আলমতলা হালিম মিস্ত্রীর বাড়ি হতে কওছার সরদারের বাড়ি অভিমুখে ইটের সংস্কার। | যোগাযোগ | ১,০০,০০০/- |
| ৩৮ | লস্কর ইউপির খড়িয়া লেবুবুনিয়া আল-আমিনের মৎস্যঘের হতে অটল মন্ডলের বাড়ি অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | যোগাযোগ | ১,০০,০০০/- |
| ৩৯ | লস্কর ইউপির বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান বেঞ্চ সরবরাহ। | শিক্ষা উন্নয়ন | ১,০০,০০০/- |
| ৪০ | লস্কর ইউনিয়ন পরিষদে উন্নত মানের চেয়ার সরবরাহ। | ইউপি পরিষদ সংস্কার | ১,৪৪,০০০/- |
| ৪১ | লস্কর ইউনিয়ন পরিষদের বিভিন্ন কক্ষে থাই গ্লাস স্থাপন। | ইউপি পরিষদ সংস্কার | ১,০০,০০০/- |
| | **০৭নং গদাইপুর** | | |
| ৪২ | ক) গদাইপুর ইউপির ঘোষাল গ্রামের গ্রাম পুলিশ নজর আলী এর বাড়ি হইতে কবির গাজীর বাড়ি অভিমুখে রাস্তায় ইটের সোলিং নির্মাণ ৫০,০০০/-<br>খ) ঘোষাল মৃত মুজিবর মোড়ল এর বাড়ি হইতে এয়াকুব মোড়ল এর বাড়ি অভিমুখে ইটের সোলিং দিয়ে রাস্তা নির্মান। ৫০,০০০/- | যোগাযোগ | ১,০০,০০০/- |
| ৪৩ | গদাইপুর ইউপির মঠবাটি গ্রামের গ্রাম পুলিশ মওদুদ এর বাড়ি হইতে আ: আজিজ এর বাড়ি অভিমুখে রাস্তায় ইটের সোলিং নির্মাণ। | পরিবহন ও যোগাযোগ | ১,০০,০০০/- |
| ৪৪ | গদাইপুর ইউপির হিতামপুর গ্রামের মহব্বত সরদার এর বাড়ি হইতে হাফেজ রেজাউল এর বাড়ি অভিমুখে রাস্তার পাশে প্যালা সাইডিং নির্মাণ। | যোগাযোগ | ২,০০,০০০/- |
| ৪৫ | গদাইপুর ইউপির তকিয়া গ্রামে কওছার গোলদার এর বাড়ি হইতে আবু তালেব এর বাড়ি অভিমুখে রাস্তায় ইটের সোলিং নির্মান। | যোগাযোগ | ১,০০,০০০/- |
| ৪৬ | গদাইপুর ইউপির বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মেধাবী, হতদরিদ্র, ছাত্র-ছাত্রীদের মধ্য বিনা মূল্যে স্কুল ব্যাগ বিতরণ। | শিক্ষার উন্নয়ন | ২,২০,৪০৩/- |
| | **০৮নং রাড়ুলী** | | |
| ৪৭ | রাড়ুলী আমিনয়ালী ব্রীজ হতে শামছুর গাজীর বাড়ি পর্যন্ত খাল পুন: খনন | কৃষি ও ক্ষুদ্র সেচ | ৬০,০০০/- |
| ৪৮ | বাঁকা জহরা খালী খালের গেট হতে নদীর ধার পর্যন্ত কাল পুন: খনন | কৃষি ও ক্ষুদ্র সেচ | ১,০০,০০০/- |
| ৪৯ | বেকার যুবকদের হাঁস-মুরগী, গবাদিপশু পালন ও প্রশিক্ষণ | প্রাণি ও মৎস্য | ৫০,০০০/- |
| ৫০ | কুলেশ্রীকণ্ঠপুর মৌজায় লক্ষীখোলা বিল নামক স্থানে মনি সরকারের বাড়ির পাশে একটি বক্স | বস্তুগত | ৫০,০০০/- |

| | | | | |
|---|---|---|---|---|
| | কালভার্ট নির্মান | অবকাঠামো | | |
| | রাড়ুলী হারান শেখের বাড়ির সামনের রাস্তায় একটি বক্স কালভার্ট নির্মান | বস্তুগত অবকাঠামো | ৫০,০০০/- | |
| ৫২ | রাড়ুলী ইউনি ভবন সংস্কার | বিবিধ | ১,০০,০০০/- | |
| ৫৩ | জন্ম-মৃত্যু নিবন্ধন কাজের জন্য একটি ল্যাপটপ ও প্রিন্টার ক্রয় | বিবিধ | ৭৩,৯০৮/- | |
| ৫৪ | বাঁকা বাজারে চাউলের চান্দিনা সংস্কার | হাট বাজার উন্নয়ন | ২,০০,০০০/- | |
| ৫৫ | ষষ্টীতলা হাটে তরকারী চান্দিনা সংস্কার | হাট বাজার উন্নয়ন | ১,০০,০০০/- | |
| ৫৬ | মশা মারার জন্য একটি ফগার মেশিন ক্রয় | জনস্বাস্থ্য | ২৫,০০০/- | |
| ৫৭ | দু:স্থ মহিলাদের জন্য সেলাই মেশিন ক্রয় | সমাজ কল্যাণ | ১,০০,০০০/- | |
| ৫৮ | রাড়ুলী আলিম মাদ্রাসা, কাটিপাড়া মাধ্যমিক বিদ্যালয়, শহীদ কামরুল মা: বিদ্যালয়, রাড়ুলী সরকারি প্রা: বিদ্যালয় এবং শ্রীকন্ঠপুর কে আর মা: বিদ্যালয় সর্বমোট ৪০ খানা হাই বেঞ্চ সরবরাহ | শিক্ষার উন্নয়ন | ৮০,০০০/- | |
| ৫৯ | রাড়ুলী ইউ এফডি ক্লাব, বাঁকা প্রগতি সংঘ, রাড়ুলী পিসি ক্লাব, দক্ষিণ শ্রীকন্টপুর যুব সংঘ, বাঁকা পশ্চিপাড়া যুব সংঘ, শ্রীকন্ঠপুর উত্তর পাড়া যুব সংঘ, রাড়ুলী পশ্চিম পাড়া যুব সংঘ খেলার সামগ্রী বিতরণ | ক্রীড়া ও সংস্কৃতি | ২০,০০০/- | |
| | **০৯নং চাঁদখালী** | | | |
| ৬০ | হাটিসপুর খানপাড়া শহিদ খানের বাড়ি সংলগ্ন ঢালাই এর মাথা থেকে মাদ্রাসা অভিমুখে রাস্তা আর সি সি ঢালাই দ্বারা উন্নয়ন | যোগাযোগ | ১,০৫,০০০/- | |
| ৬২ | সাহাপাড়া রেজাউল সরদার এর বাড়ী হতে ওয়াপদা অভিমুখে রাস্তা ইটের সোলিং নির্মান | যোগাযোগ | ১,০৫,০০০/- | |
| ৬৩ | দেবদুয়ার হাফিজিয়া মাদ্রাসার দক্ষিণ পার্শ্বে ফরহাদ গাজীর বাড়ি হতে পশ্চিম দিকে ওয়াপদা অভিমুখে রাস্তা ইটের সোলিং নির্মান। | যোগাযোগ | ১,০৫,০০০/- | |
| ৬৪ | কৃষ্ণনগর বালিয়া খালী সিরাজ মালীর বাড়ি হতে উত্তর দিকে পিচের রাস্তা অভিমুখে রাস্তা ইটের সোলিং নির্মান। | যোগাযোগ | ১,০৫,০০০/- | |
| ৬৫ | ফেমশাখালী পুর্বপাড়া জামে মসজিদ (আন্সারির চক) পাকা রাস্তার মাথা থেকে পশ্চিম দিকে আছাদুল গাজীর বাড়ি অভিমুখে রাস্তা ইটের সোলিং নির্মান। | পরিবহন ও যোগাযোগ | ১,০৫,০০০/- | |
| ৬৬ | ফতেপুর ফারোক মাষ্টার এর বাড়ি হতে আব্দুর রউফ সরদার এর বাড়ি অভিমুখে রাস্তা ইটের সোলিং নির্মান। | পরিবহন ও যোগাযোগ | ১,০৫,০০০/- | |
| ৬৭ | কালিদাশপুর পিচের রাস্তা হতে সনি গাজীর বাড়ি অভিমুখে ইটের সোলিং রাস্তা সংস্কার। | পরিবহন ও যোগাযোগ | ১,০৫,০০০/- | |
| ৬৮ | কাওয়ালী হালিম মাষ্টারের বাড়ির সামনে থেকে ওয়াপদা অভিমুখে রাস্তা ইটের সোলিং নির্মান | পরিবহন ও যোগাযোগ | ১,০৫,০০০/- | |
| ৬৯ | কাটাবুনিয়া লুৎফর সরদারের বাড়ি হতে রহিম সরদার এর বাড়ি অভিমুখে রাস্তা ইটের সোলিং নির্মান। | পরিবহন ও যোগাযোগ | ১,৮২,০০০/- | |
| ৭০ | কাটাবুনিয়া পুরাতন ব্রীজ হতে অরবিন্দু বৈরাগীর বাড়ি অভিমুখে রাস্তা ইটের সোলিং নির্মান | পরিবহন ও যোগাযোগ | ১,০৫,০০০/- | |
| ৭১ | কমলাপুর নবিরুল ইসলাম এর বাড়ি হতে কবিরুল ইসলাম এর বাড়ি অভিমুখে রাস্তা ইটের সোলিং নির্মান। | পরিবহন ও যোগাযোগ | ১,০৫,০০০/- | |
| ৭২ | উত্তর গড়েরাবাদ গোলজার মোল্লার বাড়ি হতে ইমান সরদার এর বাড়ি অভিমুখে রাস্তা ইটের সোলিং নির্মান। | পরিবহন ও যোগাযোগ | ১,০৫,০০০/- | |
| ৭৩ | কৃষ্ণনগর বিধান শিলের বাড়ি হতে কাজল রায়ের বাড়ি অভিমুখে সোলিং রাস্তা সংস্কার | পরিবহন ও যোগাযোগ | ১,০৫,০০০/- | |
| | **১০নং গড়ইখালী** | | | |
| ৭৪ | গড়ইখালী ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের হতদরিদ্র মহিলাদের মধ্যে সেলাই মেশিন বিতরণ। | নারীদের উন্নয়ন | ১,৬৬,০০০/- | |
| ৭৫ | পাতড়াবুনিয়া সাহেব গাইনের বাড়ি হইতে হাফিজুল গাইনের বাড়ি অভিমুখে রাস্তা ইট দ্বারা উন্নয়ন। | পরিবহন ও যোগাযোগ | ৮৩,০০০/- | |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | গড়ইখালী কালাম গাজীর বাড়ি হইতে হেকমত সরদারের বাড়ি অভিমুখে রাস্তা ইট দ্বারা উন্নয়ন। | যোগাযোগ | ৮৮,০০০/- | |
| ৭৭ | হোগলারচক অরবিন্দু মন্ডলের বাড়ি হইতে মুরারীর দোকান অভিমুখে রাস্তা ইট দ্বারা উন্নয়ন | যোগাযোগ | ৮৩,০০০/- | |
| ৭৮ | ফকিরাবাদ ডাবল ইটের রাস্তা হইতে পোষ্ট অফিস অভিমুখে ইটের রাস্তা সংস্কার | যোগাযোগ | ১,২০,১০০/- | |
| ৭৯ | ইউনিয়ন পরিষদের জন্য ২টি ল্যাপটপ ও ইলেকট্রোনিক্স সামগ্রী ক্রয়। | বিবিধ | ১,৫০,০০০/- | |
| ৮০ | পশ্চিম বাইনবাড়িয়া পিচের মাথা হইতে কালিমন্দির অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন | যোগাযোগ | ৪৪,০৪১.৮৯/- | |

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে প্রকল্পগুলো বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা ঃ ৫। উপজেলা প্রকৌশলী বলেন,উপজেলা পরিষদের মার্চ/২০২৪ মাসের মাসিক সভার সিদ্ধান্ত অনুযায়ী পাইকগাছা উপজেলা পরিষদরে অভ্যন্তরে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের কিছু অংশ এবং উপজেলা পরিষদের মেইন সীমানা প্রাচীর কিছু অংশ না থাকার কারণে উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন অরক্ষিত হয়ে পড়েছে। এ ছাড়া উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের গেট,অফিসার্স ক্লাবের প্রবেশ পথে গেট এবং উপজেলা পরিষদ থেকে মসজিদে যাওয়ার পথে জরুরী ভিত্তিতে গেট নির্মানের জন্য স্থানীয় সরকার পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়ে ছিল। স্থানীয় সরকার পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ২৯/০৫/২০২৪ ইং তারিখে ৪৬.০০.০০০০.০৪৬.২৬.১৫৮.১৭-৩৫৮নং স্মারকে অনুমতি প্রদানের লক্ষে চাহিত তথ্য অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করায় পুনরায় মূল্য নির্ধারণ করা হয়। জরুরী ভিত্তিতে প্রকল্প ২(দুই)টি বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বম্মত সিদ্ধান্ত ক্রমে নিম্ন বর্ণিত প্রাক্কলনটির প্রাক্কলন প্রস্তুত পূর্বক নির্বাহী প্রকৌশলী,এলজিইডি খুলনা কর্তৃক যাচাই বাছাইন্তে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয় পত্র প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃনং | মেরামত কাজের নাম | প্রাক্কলিত মূল্য | তহবিল |
|---|---|---|---|
| ১। | উপজেলা পরিষদ উপজেলা পরিষদের ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সীমানা প্রাচীর নির্মান। | ১০,২২৩৯১.৯৪ | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল। |
| ২। | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের গেট,অফিসার্স ক্লাবের প্রবেশ পথে গেট এবং উপজেলা পরিষদ থেকে মসজিদে যাওয়ার গেট নির্মান। | ৮,৪২,৭২০.১৬ | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫/১২/২৪

মাহেরা নাজনীন
প্রশাসক
উপজেলা পরিষদ পাইকগাছা
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণসভা, পাইকগাছা, খুলনা।

স্মারক নং ঃ ৪৭.৪৪.৪৭৬৪.০০৬.০১.০০১.২৩-৮২৮(৫০) তারিখ ঃ ১৫/১২/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, খুলনা।
৩। জেলা প্রশাসক, খুলনা
৪। উপজেলা .............................................. কর্মকর্তা, (সংশিষ্ট সকল), পাইকগাছা,খুলনা।
৫। চেয়ারম্যান..............................................ইউ পি (সকল) পাইকগাছা, খুলনা।
৬। জনাব ............................................... .পাইকগাছা , খুলনা।

১৫/১২/২৪

মাহেরা নাজনীন
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা,খুলনা।

CS CamScanner